দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUL. 26 1999
পৃষ্ঠা ১২ কলাম ৫

205

# প্রভোস্টের পদত্যাগ দাবিতে রোকেয়া হল ছাত্রীদের মিছিল-সমাবেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হলের ছাত্রীরা দলমত নির্বিশেষে শনিবার গভীর রাতে হল প্রভোস্ট অধ্যাপিকা নূরুর রহমানের পদত্যাগের দাবিতে মিছিল-সমাবেশ করেছে। আন্দোলনরত ছাত্রীরা একই দাবিতে আজ উপাচার্যের নিকট স্মারকলিপি প্রদান করবে।

হলের ছাত্রীরা প্রভোস্টের বিরুদ্ধে হলের অর্থ আত্মসাৎ, ছাত্রীদের সঙ্গে দুর্ব্যবহার ও হল কর্মচারীদের ব্যক্তিগত কাজে লাগানোর অভিযোগ করেছে। হল প্রভোস্টের মেয়াদ ৩১ জুলাই শেষ। এর পরে তার মেয়াদ বৃদ্ধি না করার জন্য ছাত্রীরা সমাবেশ থেকে জোর দাবি জানিয়েছে।